

ইনস্টিটিউট অব এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজী

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজী (আইইপিটি) তে পি-এইচ. ডি ও মাস্টার্স প্রোগ্রামে যে সকল শিক্ষার্থী অধ্যয়ন করছে তাদেরকে আগামী ০৮/০১/২০২৩ইং হতে ১০/০১/২০২৩ তারিখের মধ্যে ২০২৩ শিক্ষাবর্ষের জানুয়ারী সেমিস্টারে কোর্স ও থিসিস/প্রজেক্ট এর রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য নিম্নবর্ণিত হারে ফিস পরিশোধান্তে কোর্স রেজিস্ট্রেশন করতে বলা যাচ্ছে।

উল্লেখ্য যে, ২০২৩ শিক্ষাবর্ষের জানুয়ারী সেমিস্টারে পি-এইচ. ডি ও মাস্টার্স প্রোগ্রামে নতুন ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের কোর্স রেজিস্ট্রেশন বাবদ কোন ফিস প্রদান করতে হবে না। তাদেরকে শুধুমাত্র অনলাইনে কোর্স রেজিস্ট্রেশন করতে হবে। তবে কেউ যদি ৬/১২ ক্রেডিট এর অতিরিক্ত ক্রেডিট নিতে চায় তাহলে তাকে প্রতি ক্রেডিট ১০০/- হারে অতিরিক্ত ফি জমা দিতে হবে।

ফি এর বিবরণ

সঞ্চয়ী হিসাব নং-২৫৮৯		
১।	কোর্স রেজিস্ট্রেশন ফি প্রতি Credit ১০০/- টাকা হারে	
২।	পরীক্ষার ফি	৩৫০.০০
৩।	গ্রোডশীট	৫০.০০
৪।	থিসিস/প্রজেক্ট ফি প্রতি Credit ১০০/- টাকা হারে	
৫।	চিকিৎসা ফি *	২২০.০০
৬।	ইন্টারনেট ফি *	১৮০.০০
৭।	পরিবহন ফি *	২২৫.০০
৮।	বিদ্যুৎ *	৩০০.০০
৯।	ছাত্রত্বের ধারাবাহিকতা ফি (শুধুমাত্র কোর্স ও থিসিস রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে তাদের জন্য প্রযোজ্য)	৫০০.০০
সঞ্চয়ী হিসাব নং-২১৪৩		
১০।	ধর্মীয় ফি	২৫.০০
সঞ্চয়ী হিসাব নং-২৩০৩		
১১।	ছাত্র বিষয়ক কার্যক্রম	৭৫.০০
১২।	সাহিত্য ও সংস্কৃতি ফি	৪৫.০০
১৩।	খেলাধুলা ফি	১২৫.০০
১৪।	বার্ষিকী	৩০.০০
সঞ্চয়ী হিসাব নং-৬২৫০		
১৫।	জরুরী সাহায্য তহবিল	১০০.০০
সঞ্চয়ী হিসাব নং-০১০০০৮৬৯৪৯৭৭১		
১৬।	বিএনসিসি	২০.০০

আরও উল্লেখ্য যে, অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষার্থীদের (বিভাগীয় প্রার্থী) ক্ষেত্রে “*” চিহ্নিত পরিবহন, বিদ্যুৎ, চিকিৎসা এবং ইন্টারনেট ফি প্রযোজ্য হবে না এবং শুধুমাত্র থিসিস ও নরমাল রেজিস্ট্রেশনকারীদের পরীক্ষার ফি ও গ্রোডশীট এর ফি দেওয়া লাগবে না।

জরিমানা ছাড়া কোর্স রেজিস্ট্রেশনের শেষ তারিখঃ ১০/০১/২০২৩ইং।

অনলাইন রেজিস্ট্রেশন করার নিয়মাবলী

- শিক্ষার্থীদেরকে আইইপিটি অফিস হতে User ID ও Password সংগ্রহ করে অনলাইনে (<https://academic.kuet.ac.bd/pg/>) রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। আইইপিটি কর্তৃক অফারকৃত কোর্স এর মধ্য থেকে যে সকল কোর্স নিতে ইচ্ছুক সে সকল কোর্স টিক (√) চিহ্ন দিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে এবং A4 সাইজের কাগজে Landscape mode এ প্রিন্ট নিতে হবে। প্রিন্টকৃত রেজিস্ট্রেশন কার্ডে নিজের, সুপারভাইজার, কোর্স কো-অর্ডিনেটর এবং আইইপিটি এর পরিচালক এর স্বাক্ষরের (সিলসহ) পর রেজিস্ট্রেশন কার্ডসহ শিক্ষা শাখায় যোগাযোগ করতে হবে।
- পূরণকৃত রেজিস্ট্রেশন কার্ড ফটোকপি করে কোর্স কো-অর্ডিনেটর ও আইইপিটি এর দপ্তরে জমা দিতে হবে এবং এক কপি নিজের কাছে রাখতে হবে।
- টাকা জমা দেওয়ার রশিদে নির্ধারিত হারে ফি-এর টাকা পূরণপূর্বক তা শিক্ষা শাখা কর্তৃক যাচাই এর পর ব্যাংকে টাকা জমা দিতে হবে এবং টাকা জমা রশিদের শিক্ষা শাখার কপিসহ ও পূরণকৃত মূল রেজিস্ট্রেশন কার্ড শিক্ষা শাখায় জমা দিতে হবে।
- অনলাইনে রেজিস্ট্রেশনের সময় কোন ধরনের সমস্যার সম্মুখীন হলে সে ক্ষেত্রে শিক্ষা শাখায় যোগাযোগ করতে হবে।

স্বাক্ষরিত/-

০৫/০১/২৩

(প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা)

রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/শিক্ষা/১৯৬২/০৬

তারিখ : ০৫/০১/২০২৩ইং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- পরিচালক, আইইপিটি, অত্র বিশ্ববিদ্যালয়।
- পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ), অত্র বিশ্ববিদ্যালয়।
- কম্পিউটার, অত্র বিশ্ববিদ্যালয়।
- পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র বিশ্ববিদ্যালয়।
- চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। অত্র বিজ্ঞপ্তিটি ইন্টারনেটে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ম্যানেজার, জনতা ব্যাংক, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা, খুলনা। ছাত্র-ছাত্রীদের ভর্তি ফি ও অন্যান্য পাওনাদি জমা নেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থার গ্রহণের জন্য অনুরোধ করা হলো। অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষা শাখার ছাড়পত্র ছাড়া কোন টাকা জমা না নেওয়ার জন্য অনুরোধ করা হলো।
- সংরক্ষণ নথি।

(সেখ আক্বাহ আলী)

ডেপুটি রেজিস্ট্রার, শিক্ষা শাখা।